



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং: ৩৫৮


তারিখ : ১৪/০১/২০১৯

বিষয়: ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় সেভেঙ্চু ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের শনিবারের পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, শনিবার অনুষ্ঠিতব্য ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় সেভেঙ্চু ডে এডভান্টিস্ট সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা ধর্মীয় বিধি নিষেধের কারণে পূর্ব নির্ধারিত সময়ের পরিবর্তে সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ করবে। তবে শর্ত থাকে যে,

১. উল্লিখিত সম্প্রদায়ের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীরা শনিবার সকাল ১০.০০ টার পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হবে ও পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষে অবস্থান করবে এবং তাদের জন্য নির্ধারিত সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।
২. পরীক্ষা কেন্দ্রে প্রবেশের পর তাদের সাথে প্রবেশ পত্রে উল্লিখিত দ্রব্যের বাইরে কিছু থাকবে না।
৩. কোন অবস্থাতেই তারা পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট কক্ষের বাইরে যেতে পারবে না এবং বাইরের কারো সঙ্গে যোগাযোগ করতে পারবে না।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


14.01-19

প্রফেসর তপন কুমার সরকার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-৯৬৬৯৮১৫

জেলা প্রশাসক

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ২। কেন্দ্র সচিব, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা- ২০১৯ এর সকল কেন্দ্র
- ৩। অফিস কপি